

৪.৬ আইসিটি সেল

৪.৬.১ ভূমিকাঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আইসিটি সেলের যাত্রা মূলতঃ ১৯৮৩ সালের মার্চ মাসে একটি কারগরী প্রকল্পের মাধ্যমে। বাংলাদেশে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে আইসিটি সেল স্থাপনের ইতিহাসে এটি হাতে গোনা কয়েকটি সেলের মধ্য একটি অন্যতম পুরান সেল। যা ১৯৯০ সালে আত্মিকরণের মাধ্যমে সম্পূর্ণ সরকারী হিসেবে রূপ লাভ করে। বর্তমানে সেলটি বাংলাদেশ সরকারের ভিশন-২০২১: “ডিজিটাল বাংলাদেশ” বাস্তবায়নের লক্ষ্যে একটি দীর্ঘ মেয়াদি পরিকল্পনা বাস্তবায়ন করে চলছে।

সেলটি এ বিভাগের উইং-৯ (ফাবা অনুবিভাগ) এর অধীন কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে এ সেল ৪ জন কর্মকর্তা ও ৪ জন কর্মচারী কর্মরত আছেন। এ সেলের প্রধান দায়িত্ব হচ্ছে এ বিভাগের হার্ডওয়্যার ও সফটওয়্যার এর চাহিদা নিরূপণ করা, হার্ডওয়্যার ও সফটওয়্যার এর স্পেসিফিকেশন তৈরি করা, এপ্লিকেশন সফটওয়্যার ব্যবহারকারীদের প্রশিক্ষণ দেয়া, ওয়েবসাইট হালনাগাদ করা, লোকাল এরিয়া নেটওয়ার্ক ম্যানেজমেন্ট করা, ইন্টারনেটের কানেকটিভিটি নিশ্চিত করা, অফিসিয়াল ই-মেইল সচল রাখা, হার্ডওয়্যার ও সফটওয়্যার রক্ষণাবেক্ষণ করা, ট্রাবলসুটিং করাসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন করা এবং জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০০৯ অনুসরণপূর্বক সরকারের নির্দেশনা অনুসরণ করা।

৪.৬.২ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত কার্যক্রমঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আইসিটি সেল “ডিজিটাল বাংলাদেশ” বাস্তবায়নের লক্ষ্যে পর্যায়ক্রমে প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচার, হার্ডওয়্যার ও সফটওয়্যার ক্রয় করা হচ্ছে। ইতোমধ্যে লোকাল এরিয়া নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে। দৈনন্দিন কাজে প্রায় ১৮৬ টি ডেস্কটপ কম্পিউটার, ১০টি ল্যাপটপ, ২টি সার্ভার, বিভিন্ন মডেলের প্রিন্টারসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছে। ৩০টি ডেস্কটপ কম্পিউটার সম্বলিত একটি প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে। বিজনেস প্রসেস অটোমেশন করার প্রক্রিয়ায় ইতোমধ্যে বৈদেশিক ঋণ ব্যবস্থাপনার জন্য UNCTAD উদ্ভাবিত Debt Management & Financial Analysis System (DMFAS) ব্যবহার করা হচ্ছে। এ বিভাগের জন্য ১৫ mbps গতির ইন্টারনেট কানেকটিভিটি ব্যবহার করা হচ্ছে। নিজস্ব ওয়েবসাইট www.erd.gov.bd নিয়মিত হালনাগাদ রাখা হচ্ছে। সম্পূর্ণ অফিসে Wi-Fi Internet চালু করা হয়েছে। এ ছাড়া আরও একাধিক এপ্লিকেশন সফটওয়্যার পাইপলাইনে আছে।

৪.৬.৩ ২০১৩-১৪ অর্থ বছরে গৃহীত কার্যক্রমঃ

- বিজনেস প্রসেস অটোমেশন করার প্রক্রিয়ায় বৈদেশিক ঋণ ব্যবস্থাপনার জন্য UNCTAD উদ্ভাবিত Debt Management & Financial Analysis System (DMFAS) ব্যবহার করা হচ্ছে;
- বাংলাদেশ-সুইডেন ট্রাস্ট ফান্ড এর আওতায় ট্রাভেল গ্র্যান্ট (ভ্রমণ ব্যায়ের আংশিক) প্রদানের লক্ষ্যে বিদেশে অধ্যয়নরত মেদাবি ও গরিব শিক্ষার্থীগণের অনলাইনে আবেদন গ্রহণের জন্য একটি সফটওয়্যার চালু করা হয়েছে। এখন থেকে URL: <http://bstf.erd.gov.bd> ব্যবহার করে আবেদকারীরা অনলাইনে আবেদন করতে পারবেন;
- উন্নয়ন সহযোগী দেশ/সংস্থা কর্তৃক বাংলাদেশ সরকার ও এনজিও-কে প্রদত্ত বৈদেশিক সাহায্যের পুনাজ্ঞ হিসাব রাখার জন্য Aid Information Management System (AIMS) সফটওয়্যার চালু করা হয়েছে;
- নিজস্ব ওয়েবসাইট www.erd.gov.bd চালু আছে, সংশ্লিষ্ট তথ্য প্রকাশ করা হচ্ছে এবং নিয়মিত হালনাগাদ রাখা হচ্ছে;
- দৈনন্দিন কাজকে ডিজিটাইজড করার জন্য কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছে;
- ম্যানুয়াল নোটিং পদ্ধতি ডিজিটাইজড করার জন্য ই-ফাইলিং পদ্ধতি পরীক্ষামূলক ভাবে চালু করা হয়েছে;
- লোকাল এরিয়া নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে।
- লোকাল এরিয়া নেটওয়ার্কের মাধ্যমে ইআরডি’র সকল কর্মকর্তা/কর্মচারীরা ইন্টারনেট ব্যবহার করছে এবং ফাইল সেয়ারিং করা হচ্ছে;
- ৩০টি ডেস্কটপ কম্পিউটার সম্বলিত একটি আধুনিক কম্পিউটার প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে;
- এ বিভাগের জন্য ১৫ mbps গতির ইন্টারনেট কানেকটিভিটি ব্যবহার করা হচ্ছে;
- ইআরডি ক্যাম্পাসে Wi-Fi Internet চালু করা হয়েছে;

- সরকারি কাজে কম্পিউটারে বাংলার ব্যবহার প্রমিতকরণের লক্ষ্যে বাংলা ইউনিকোড সফটওয়্যার ব্যবহার করা হচ্ছে;
- সকল কর্মকর্তার জন্য অফিসিয়াল ইমেইল এবং গ্রুপ ইমেইল চলমান রয়েছে, এর মাধ্যমে তথ্য আদান-প্রদান করা হচ্ছে;
- অভ্যন্তরীণ অন্যান্য যোগাযোগের ক্ষেত্রে নিয়মিতভাবে ইমেইল ব্যবহার করা হচ্ছে;
- এ বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেয়া হচ্ছে;
- অতিরিক্ত সচিব (প্রশাসন ও মধ্যপ্রাচ্য) নেতৃত্বে ৭ সদস্যের একটি ইনোভেশন টিম গঠন করা হয়েছে এবং টিমের তত্তাবধানে “ডিজিটাল ইআরডি” কার্যক্রম চলছে।

৪.৬.৪ প্রশিক্ষণ প্রদানঃ

- এ বিভাগের সকল কর্মকর্তা ও তৃতীয় শ্রেণির কর্মচারীদের ই-ফাইলিং ব্যবহার এর প্রশিক্ষণ দেয়া হয়েছে;
- ফাবা অনুবিভাগের নতুন কর্মকর্তা/কর্মচারীদের DMFAS এর উপর প্রশিক্ষণ দেয়া হয়েছে;
- Capacity Building of ERD প্রকল্পের আওতায়-
 - ৫৫ জন কর্মকর্তা ও কর্মচারীকে Basic Computer Operation, Computer Hardware Maintenance & Trouble Shooting ও Computer Networking, Internet Use and Information Sharing বিষয়ের উপর প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

৪.৬.৫ আইসিটি সংক্রান্ত ভবিষ্যৎ পরিকল্পনাসমূহঃ

- বাংলাদেশ সরকারের আইসিটি পলিসি এর ইআরডি সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পে অর্থ বরাদ্দ প্রদান ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে একটি বিশেষায়িত সফটওয়্যার FAMS তৈরির জন্য ডেভলপার নিয়োগের কাজ চলছে;
- নিম্নলিখিত এপ্লিকেশন সফটওয়্যার ব্যবহারের পরিকল্পনা নেয়া হয়েছে: Digital Archiving System, Payroll, Inventory Management ইত্যাদি software চালু করা;
- ইআরডি’র লোকাল এরিয়া নেটওয়ার্কের (ল্যান) অবকাঠামো আধুনিকায়ন ও ল্যান/তথ্য নিরাপত্তা জোরদার করা;
- প্রয়োজনীয় সংখক হার্ডওয়ার ক্রয় করা;
- মোবাইল এ্যাপস তৈরি করা।